

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও

কোটায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

১। ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন :

(ক) ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের পরিবর্তিত বিষয়ের ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

জমাদানের তারিখ: ৩১/১০/২০১৭ থেকে ০১/১১/২০১৭

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে।

২। কোটায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমাদান :

(ক) কোটায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম যথাযথভাবে পূরণ করে A4 (8.5" x 11") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে তারপর (www.dgc.edu.bd) ONLINE ADMISSION এ ক্লিক করে পরবর্তীতে আসা Honours ONLINE ADMISSION এ শুধুমাত্র DBBL (ডাচবাংলা মোবাইল ব্যাংকিং) এর মাধ্যমে ভর্তির জন্য নির্ধারিত ফি কলেজের ওয়েবসাইটে প্রদর্শিত পূর্বের তালিকা অনুযায়ী জমা দিয়ে ৩০/১০/২০১৭ হতে ০১/১১/২০১৭ তারিখের মধ্যে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে পারবে (০১/১১/২০১৭ তারিখের পরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম কোনক্রমেই ডাউনলোড করা যাবে না)। জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম আগামী ০২/১১/২০১৭ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

DBBL(ডাচবাংলা মোবাইল ব্যাংকিং) এর মাধ্যমে ভর্তির জন্য টাকা জমার নিয়মাবলী :

First Dial \*322#

1. Payment = Next
2. Bill Pay = Next
3. Enter Biller ID = 356 (Dinajpur Govt. College Biller ID)
4. Enter Bill Number = (Student Application Roll as 1234567 As Bill ID.)
5. Enter Amount = (যে বিভাগের জন্য যে ফি নির্ধারিত তার পরিমাণ বিজ্ঞপ্তির শেষে সংযুক্ত করা আছে)
6. Enter PIN

Student Will Get Transaction ID as Paid amount to DINAJGC Bill- No: 1234567, TxnID: 7654321(সাত সংখ্যার আইডি আসবে যা প্রত্যেক শিক্ষার্থীর জন্য আলাদা আলাদা হবে।)

ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য দিনাজপুর সরকারি কলেজের ওয়েব সাইটে (www.dgc.edu.bd) ONLINE ADMISSION এ ক্লিক করে পরবর্তীতে আসা Honours ONLINE ADMISSION এ ক্লিক করতে হবে। পরবর্তী অপসনে APPLICATION ID, Transaction ID ও সিকিউরিটি কোড টাইপ করে Verify এ ক্লিক করতে হবে। এর পরের অপসনে NEXT চাপলে ONLINE ADMISSION ফরম আসবে। অতঃপর অন-লাইনে এই ফরমে সকল তথ্য যথাযথভাবে পূরণ ও শিক্ষার্থীর ছবি আপলোড করে SAVE করতে হবে। এ অন-লাইন ফরম পূরণের জন্য বিভিন্ন তথ্যের সাথে শিক্ষার্থীর ই-মেইল এ্যাড্রেস, স্নাতক গ্রুপ ও ছবি লাগবে। এরপর অন-লাইন ভর্তি ফরমে প্রিন্ট ভিউ দেখা যাবে, যা সুরাসরি প্রিন্ট করা যাবে অথবা অন্যত্র প্রিন্ট করার জন্য কপি করা যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম ছাড়া কোন আবেদনপত্র বিভাগে জমা দেয়া যাবেনা।

৩। ভর্তির সময় নিম্নবর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে :

(ক) ভর্তির আবেদনের মূল প্রবেশপত্র।

(খ) এসএসসি ও এইচএসসি/সম্মান পরীক্ষার সনদপত্র, নম্বরপত্র ও প্রশংসাপত্র এবং ০৩ (তিন) সেট ফটোকপি।

(গ) এসএসসি ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র ও মূল নম্বরপত্র/একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট।

(ঘ) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ও ০৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের ছবি খামের মধ্যে দিতে হবে।

(ঙ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

(চ) কোটায় ভর্তি ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটায় স্বপক্ষে মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই প্রদর্শন করতে হবে এবং বিভাগীয় প্রধান তা যাচাইপূর্বক উক্ত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। কোটায় স্বপক্ষের মূল কাগজপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি এবং দিনাজপুর সরকারি কলেজের ভর্তির আবেদনের প্রিন্ট কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে জমা না দিলে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না।

৪। ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলী :

(ক) মনোনীত প্রার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ঐ ভর্তি বাতিল না করা পর্যন্ত অন্য কলেজে ভর্তি হতে পারবে না।

(খ) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তবে অনলাইনে ভর্তি বাতিল করে কলেজে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা জমাদানপূর্বক সংশ্লিষ্ট বিভাগ থেকে তার কাগজপত্রাদি উত্তোলন করতে পারবে।

বিদ্র: নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।

যেকোন তথ্যের জন্য : যোগাযোগ: জনাব মীর সাজ্জাদ আলী, সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা ও আহ্বায়ক ভর্তি কমিটি-০১৭১১৯৭৯৫৫১ অথবা জনাব মোঃ মাজেদুর রহমান সরকার, সহকারী অধ্যাপক, ইতিহাস ও সদস্য, ভর্তি কমিটি-০১৭১১৯৭৯৫৫১

প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি ভর্তি কমিটি ২০১৭-২০১৮  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।